গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ।
www.npo.gov.bd

নং-৩৬.১০.০০০০.০১৬.২৩.০১৮.১৮/৭১৭ তারিখ : ২৪/১০/২০১৮

বিষয়ঃ **"ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭" প্রদানের লক্ষ্যে অনুষ্ঠিত এসেসমেন্ট কমিটির ১ম সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক ''ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭'' প্রদানের লক্ষ্যে এসেসমেন্ট কমিটির ১ম সভা গত ২২-১০-২০১৮ তারিখ শিল্প মন্ত্রণালয়ের মিনি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় । উক্ত সভার কার্যবিবরনী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসংগে প্রেরণ করা হল।

(এস.এম. আশরাফুজ্জামান)
পরিচালক (যুগ্ম সচিব)
ও
সদস্য সচিব, এসেসমেন্ট কমিটি
ফোনঃ ৯৫৬২৮৮৩

বিতরন : [জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে] ।

(১) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০।
(২) মহা-পরিচালক, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), তেজগাঁও শি/এ, ঢাকা (দৃঃ আঃ জনাব মোঃ ফজলুল করিম, অতিরিক্ত পরিচালক)।
(৩) মহা-পরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট(বিআইএম), ৪, সোবহান বাগ, মিরপুর সড়ক, ঢাকা (দৃঃ আঃ জনাব এস.এম. আরিফুল ইসলাম, উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা)।
(৪) মহা-পরিচালক, বাংলাদেশ ষ্ট্যান্ডার্ডস এন্ড টেষ্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই), মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শি/এ, ঢাকা [(দৃঃ আঃ জনাব মোঃ খলিলুর রহমান, পরিচালক (প্রশাসন)]।
(৫) যুগ্মসচিব (প্রশাসন-২), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
(৬) সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা । (দৃঃ আঃ জনাব মোঃ হারুন অর রশিদ, যুগ্ম সচিব)।
(৭) সভাপতি, ডিসিসিআই, ডিসিসিআই ভবন, ৬৫-৬৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ (দৃঃ আঃ জনাব এস.এম. জিল্লুর রহমান, পরিচালক)।
(৮) সভাপতি, এমসিসিআই, চেম্বার বিল্ডিং, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা (দৃঃ আঃ জনাব এম. আবদুর রহমান, উপ-প্রধান)।
(৯) সভাপতি, দি ইনষ্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি), ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা (দৃঃ আঃ জনাব আফসার উদ্দিন এফ.সি.এ)।
(১০) জনাব মোঃ আব্দুল মুসাব্বির, যুগ্ম পরিচালক(সিসি), এনপিও, ঢাকা।
(১১) জনাব মোঃ নজরুল ইসলাম, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও, ঢাকা ।
(১২) সহকারী প্রোগ্রামার, এনপিও, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
(১৩) অফিস কপি।

## ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭ প্রদানের লক্ষ্যে অনুষ্ঠিত এসেসমেন্ট কমিটির ১ম সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মিজ লুৎফুন নাহার বেগম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন-২), শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | ২২-১০-২০১৮ খ্রিঃ |
| রোজ | : | সোমবার |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | শিল্প মন্ত্রণালয়ের মিনি সম্মেলন কক্ষ । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখা যেতে পারে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । সভায় উপস্থিত সদস্যগণের পরিচয় পর্বের পর সভাপতি এনপিও'র পরিচালক (যুগ্ম সচিব) ও কমিটির সদস্য সচিব জনাব এস.এম. আশরাফুজ্জামানকে অদ্যকার সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ করেন ।

কমিটির সদস্য সচিব তাঁর উপস্থাপনায় বলেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর ০২ অক্টোবর, ২০১১ তারিখের ঘোষণা অনুযায়ী ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭ প্রদানের লক্ষ্যে গত ২৩ এপ্রিল, ২০১৮ ইং তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন ফরম বিতরণ ও গ্রহণের সর্বশেষ সময় ছিল ১৯ জুলাই, ২০১৮ বিকাল ০৫.০০ টা পর্যন্ত। ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭ এর বিজ্ঞপ্তিটি দৈনিক সমকাল, দৈনিক ভোরের কাগজ, দৈনিক আমাদের সময়, দৈনিক কালের কণ্ঠ, দৈনিক যুগান্তর ও The Daily Obserber, The Daily Financial Express পত্রিকায় প্রকাশিত হয়। বিজ্ঞপ্তিটি এনপিও এর ওয়েব-সাইটসহ ফেইসবুকেও প্রকাশ করা হয়। তাছাড়াও বিভিন্ন কর্পোরেশনের প্রধানগণের নিকট ও বিভিন্ন এসোসিয়েশন ও ট্রেডবডি প্রধানের নিকট পত্র দ্বারা বিজ্ঞপ্তিটি প্রেরণ করা হয় । উপরে বর্ণিতভাবে প্রচার/প্রচারণা করে বৃহৎ শিল্প “এ” ক্যাটাগরিতে ২৭টি, মাঝারী শিল্প “বি”ক্যাটাগরিতে ১৩টি, ক্ষুদ্র শিল্প “সি”ক্যাটাগরিতে ০৮টি, মাইক্রো শিল্প “ডি”ক্যাটাগরিতে ০৪টি, কুটির শিল্প “ই”ক্যাটাগরিতে ০৩টি ও রাষ্ট্রায়াত্ত্ব শিল্প “এফ”ক্যাটাগরিতে ০৩টিসহ সর্বমোট ৫৮টি আবেদন ফরম যথাযথ ফি সরকারি ট্রেজারী চালানের মাধ্যমে গ্রহণ করে বিতরণ করা হয়। । তন্মধ্যে নির্ধারিত সময়ে বৃহৎ শিল্প “এ”ক্যাটাগরিতে ১৯টি, মাঝারি শিল্প “বি”ক্যাটাগরিতে ০৯টি, ক্ষুদ্র শিল্প “সি”ক্যাটাগরিতে ০৭টি, মাইক্রো শিল্প “ডি”ক্যাটাগরিতে ০২টি, কুটির শিল্প “ই”ক্যাটাগরিতে ০৩টি ও রাষ্ট্রায়াত্ত্ব শিল্প “এফ”ক্যাটাগরিতে ০৩টিসহ সর্বমোট ৪৩টি আবেদন পত্র জমা পাওয়া যায়। এর মধ্যে 'বি' ক্যাটাগরিতে ০৪টি এবং 'সি' ক্যাটাগরিতে ০২টি আবেদন ফরমে ক্যাটাগরিতে বর্ণিত জনশক্তির চেয়ে বেশি জনশক্তি থাকায় মোট ০৬টি আবেদন পত্র বাদ দিয়ে মোট ৩৭টি আবেদন পত্রের এসেসমেন্ট করা হয়েছে । এনপিও কর্তৃক ৩৭টি আবেদনের এসেসমেন্ট ফলাফল নিম্নরূপ :

### ক্যাটাগরি-“এ” (বৃহৎ শিল্প):

| কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য | কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১/০১ | ৫১১.০০ | ঋণ খেলাপী নয় | | | ১/১৩ | ৪৩২.৭৪ | ঋণ খেলাপী নয় | | |
| ১/০২ | ৬৭২.৫৪ | ঋণ খেলাপী নয় | | | ১/১৪ | ৩৯৮.২৪ | ঋণ খেলাপী নয় | | |
| ১/০৩ | ৬১৫.৩০ | ঋণ খেলাপী নয় | | | ১/১৫ | ৫৭৬.৯৫ | ঋণ খেলাপী নয় | | |
| ১/০৪ | ৬২৫.৩২ | ঋণ খেলাপী নয় | | | ১/১৬ | ৪৬০.৭১ | ঋণ খেলাপী নয় | | |
| ১/০৫ | ৬৪২.০১ | ঋণ খেলাপী নয় | | | ১/১৭ | ৫২৩.২৫ | ঋণ খেলাপী নয় | | |
| ১/০৬ | ৫৪১.৩৬ | ঋণ খেলাপী নয় | | | ১/১৮ | ৬৩০.৪৬ | ঋণ খেলাপী নয় | | |
| ১/০৭ | ৫৬৫.৯৮ | ঋণ খেলাপী নয় | | | ১/১৯ | ৬১৯.৬৬ | ঋণ খেলাপী নয় | | |
| ১/০৮ | ৭৭৭.৯৭ | ঋণ খেলাপী নয় | | | | | | | |

| কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য | কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১/০৯ | ৩৯৭.২৯ | ঋণ খেলাপী নয় | | | | | | | |
| ১/১০ | ৪৮৬.৮০ | ঋণ খেলাপী নয় | | | | | | | |
| ১/১১ | ৪৬৬.৩২ | তথ্য পাওয়া যায়নি | | | | | | | |
| ১/১২ | ৪২০.৩২ | ঋণ খেলাপী নয় | | | | | | | |

## ক্যাটাগরি-“বি” (মাঝারি শিল্প):

| কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য | কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২/০১ | ক্যাটাগরি ভুল | | | বাতিল | ২/০৬ | ক্যাটাগরি ভুল | | | বাতিল |
| ২/০২ | ক্যাটাগরি ভুল | | | বাতিল | ২/০৭ | ৪৫.১৯ | ঋণ খেলাপী নয় | | |
| ২/০৩ | ৫৬৬.৫২ | ঋণ খেলাপী নয় | | | ২/০৮ | ৬৬২.০৪ | ঋণ খেলাপী নয় | | |
| ২/০৪ | ৩৮৫.৬০ | ঋণ খেলাপী নয় | | | ২/০৯ | ৬৬১.৫৭ | ঋণ খেলাপী নয় | | |
| ২/০৫ | ক্যাটাগরি ভুল | | | বাতিল | | | | | |

## ক্যাটাগরি-“সি” (ক্ষুদ্র শিল্প):

| কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য | কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩/০১ | ৫১০.৬৩ | ঋণ খেলাপী নয় | | | ৩/০৫ | ৫১৩.৩১ | ঋণ খেলাপী নয় | | |
| ৩/০২ | ৫০২.১০ | তথ্য পাওয়া যায়নি | | | ৩/০৬ | ক্যাটাগরি ভুল | | | বাতিল |
| ৩/০৩ | ৪১৩.০০ | ঋণ খেলাপী নয় | | | ৩/০৭ | ৪০৪.৯৮ | ঋণ খেলাপী নয় | | |
| ৩/০৪ | ক্যাটাগরি ভুল | | | বাতিল | | | | | |

## ক্যাটাগরি-“ডি” (মাইক্রো শিল্প):

| কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য | কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪/০১ | ৫০১.২৬ | ঋণ খেলাপী নয় | | | ৪/০২ | ৫৯৮.৮৮ | ঋণ খেলাপী নয় | | |

## ক্যাটাগরি-“ই” (কুটির শিল্প):

| কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য | কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫/০১ | ৫৩৪.৯২ | ঋণ খেলাপী নয় | | | ৫/০৩ | ৫২৫.২১ | ঋণ খেলাপী নয় | | |
| ৫/০২ | ৩৩৭.০০ | ঋণ খেলাপী নয় | | | | | | | |

## ক্যাটাগরি-“এফ” (রাষ্ট্রায়ত্ত শিল্প):

| কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য | কোড নং | প্রাপ্ত নম্বর | বাংলাদেশ ব্যাংকের তথ্য | জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৬/০১ | ৫৩২.৬৪ | ঋণ খেলাপী নয় | | | ৬/০৩ | ৭৪৫.৪১ | ঋণ খেলাপী নয় | | |
| ৬/০২ | ৬৩১.০৮ | ঋণ খেলাপী | | | | | | | |

২। অতঃপর সভাপতি এনপিও কর্তৃক ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭ প্রদানের লক্ষ্যে আবেদনকৃত প্রতিষ্ঠানসমূহের প্রাপ্ত নম্বরসমূহ যাচাই বাছাই করার জন্য উপস্থিত সদস্যগণকে আহবান জানান। এ

প্রেক্ষিতে ডিসিসিআই এর পরিচালক জনাব এস.এম. জিল্লুর রহমান বলেন যে, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদানের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক এর ঋণ খেলাপি সংক্রান্ত তথ্যাদি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। কিন্তু জাতীয় রাজস্ব বোর্ডের তথ্যাদি অদ্যাবধি পাওয়া যায় নাই। ফলে তিনি এসেসমেন্ট কমিটিতে জাতীয় রাজস্ব বোর্ডের একজন প্রতিনিধি অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ করেন। এ প্রেক্ষিতে কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ভবিষ্যতে কমিটির পুণর্গঠনের সময় জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি অন্তর্ভূক্তির বিষয়টি বিবেচনা করা হবে।

৩। বিটাক এর প্রতিনিধি অতিরিক্ত পরিচালক জনাব মোঃ ফজলুল করিম সভায় উপস্থাপিত ৩৭টি আবেদনের মধ্যে উপস্থিত প্রত্যেক সদস্যই ৫০০ নম্বরের উপরে প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের ০১টি করে আবেদন পরিক্ষণের প্রস্তাব সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যগণ তাঁর প্রস্তাবের সাথে একমত পোষন করেন। ফলে উপস্থিত সদস্যগণ প্রত্যেকে ০১টি করে আবেদন পুনঃ পরিক্ষণ করেন এবং মূল্যায়ন প্রক্রিয়ায় সন্তোষ প্রকাশ করেন।

৪। আইসিএবি এর প্রতিনিধি জনাব মোঃ আফসার উদ্দিন এফসিএ বলেন পর্যবেক্ষণে দেখা যায় যে, বার্ষিক সাধারণ সভার উপর কোন নম্বর রাখা হয় নাই। বৃহৎ কোম্পানিসমূহে বার্ষিক সাধারণ সভা প্রতিষ্ঠানের কোয়ালিটির একটি গুরুত্বপূর্ণ বিষয়। অনেক ক্ষেত্রেই কোম্পানিসমূহ যথাসময়ে সাধারণ সভা আহবান করেন না। ফলে শেয়ার হোল্ডারগণ কোম্পানির সার্বিক অবস্থা যথাসময়ে অবহিত হতে পারে না। তাই ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড এর মানবণ্টনে সাধারণ সভার উপর নম্বর রাখার প্রস্তাব করেন। সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড এর ভবিষ্যতে পুনঃমানবণ্টন করা হলে বিষয়টি অন্তর্ভূক্ত করা হবে বলে আশ্বস্ত করেন।

৫। এনপিও পরিচালক সভাকে আরও অবহিত করেন যে, উপরোক্ত মূল্যায়ণটি সরেজমিনে পরিদর্শন কমিটির ৪০ নম্বর বাদ দিয়ে মূলতঃ ৯৬০ নম্বরের ভিত্তিতে করা হয়েছে। এ প্রেক্ষিতে সভাপতি প্রস্তাব করেন যে, যেহেতু ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড একটি জাতীয় পুরস্কার তাই সরেজমিনে পরিদর্শন ব্যতীত প্রতিষ্ঠান নির্বাচন করা সঠিক হবে না। উপস্থিত সদস্যগণ তাঁর প্রস্তাবের সাথে একমত পোষন করেন। সভায় আলোচনাক্রমে উক্ত পরিদর্শন কার্যক্রম শিল্প মন্ত্রণালয়, এনপিও ও এসেসমেন্ট কমিটির সদস্যবৃন্দ (যদি কেহ ইচ্ছা পোষন করেন) সম্পন্ন করতে পারে বলে উপস্থিত সদস্যগণ মত পোষন করেন।

৬। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) 'এফ' ক্যাটাগরিতে বর্ণিত প্রতিষ্ঠানসমূহ রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান বিধায় অন্যান্য ক্যাটাগরিতে বর্ণিত প্রতিষ্ঠানসমূহ সরিজমিনে পরিদর্শন করতে হবে এবং সরিজমিনে পরিদর্শনের পর প্রাপ্ত নম্বর যোগ করে ফলাফল চূড়ান্ত করতে হবে।

ক্যাটাগরি-"এ" (বৃহৎ শিল্প):

| ক্রমিক নং | কোড নং | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| ০১ | ১/০৮ | ৭৭৭.৯৭ |
| ০২ | ১/০২ | ৬৭২.৫৪ |
| ০৩ | ১/০৫ | ৬৪২.০১ |
| ০৪ | ১/১৮ | ৬৩০.৪৬ |
| ০৫ | ১/০৪ | ৬২৫.৩২ |

ক্যাটাগরি-"বি" (মাঝারি শিল্প):

| ক্রমিক নং | কোড নং | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| ০১ | ২/০৮ | ৬৬২.০৪ |
| ০২ | ২/০৯ | ৬৬১.৫৭ |
| ০৩ | ২/০৩ | ৫৬৬.৫২ |

ক্যাটাগরি-"সি" (ক্ষুদ্র শিল্প):

| ক্রমিক নং | কোড নং | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| ০১ | ৩/০৫ | ৫১৩.৩১ |
| ০২ | ৩/০১ | ৫১০.৬৩ |
| ০৩ | ৩/০২ | ৫০২.১০ |

ক্যাটাগরি-"ডি" (মাইক্রো শিল্প):

| ক্রমিক নং | কোড নং | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| ০১ | ৪/০২ | ৫৯৮.৮৮ |
| ০২ | ৪/০১ | ৫০১.২৬ |

ক্যাটাগরি-"ই" (কুটির শিল্প):

| ক্রমিক নং | কোড নং | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| ০১ | ৫/০১ | ৫৩৪.৯২ |
| ০২ | ৫/০৩ | ৫২৫.২১ |

(খ) সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য শিল্প মন্ত্রণালয়, এনপিও ও এসেসমেন্ট কমিটির সদস্যবৃন্দ স্ব স্ব প্রতিষ্ঠানের বাজেট হতে ব্যয় নির্বাহ করে নিম্নোক্তভাবে অতি দ্রুততম সময়ে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করে ও প্রয়োজনীয় নম্বর প্রদান করে এনপিও বরাবর একটি প্রতিবেদন পেশ করবেন।

| ক্যাটাগরির নাম | কোড নং | প্রাপ্ত নম্বর | সংস্থার নাম | পরিদর্শনকারী কর্মকর্তার পদবি |
|---|---|---|---|---|
| ক্যাটাগরি-"এ" (বৃহৎ শিল্প) | ১/০৮ | ৭৭৭.৯৭ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও পরিচালক, এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ও এসেসমেন্ট কমিটির সদস্য |
| | ১/০২ | ৬৭২.৫৪ | শিল্প মন্ত্রণালয়, এনপিও ও এসেসমেন্ট কমিটি | অতিরিক্ত সচিব (প্রশাসন-২), এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ও এসেসমেন্ট কমিটি |
| | ১/০৫ | ৬৪২.০১ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও পরিচালক, এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ও এসেসমেন্ট কমিটির সদস্য |
| | ১/১৮ | ৬৩০.৪৬ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও পরিচালক, এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ও এসেসমেন্ট কমিটির সদস্য |
| | ১/০৪ | ৬২৫.৩২ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও যুগ্ম-পরিচালক ও এসেসমেন্ট কমিটির সদস্য |
| ক্যাটাগরি-"বি" (মাঝারি শিল্প) | ২/০৮ | ৬৬২.০৪ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও পরিচালক, এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ও এসেসমেন্ট কমিটির সদস্য |
| | ২/০৯ | ৬৬১.৫৭ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও যুগ্ম-পরিচালক ও এসেসমেন্ট কমিটির সদস্য |
| | ২/০৩ | ৫৬৬.৫২ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও যুগ্ম-পরিচালক ও এসেসমেন্ট কমিটির সদস্য |
| ক্যাটাগরি-"সি" (ক্ষুদ্র শিল্প) | ৩/০৫ | ৫১৩.৩১ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও পরিচালক, এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ও এসেসমেন্ট কমিটির সদস্য |
| | ৩/০১ | ৫১০.৬৩ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও যুগ্ম-পরিচালক ও এসেসমেন্ট কমিটির সদস্য |
| | ৩/০২ | ৫০২.১০ | শিল্প মন্ত্রণালয়, এনপিও ও এসেসমেন্ট কমিটি | অতিরিক্ত সচিব (প্রশাসন-২), এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ও এসেসমেন্ট কমিটি |
| ক্যাটাগরি-"ডি" (মাইক্রো শিল্প) | ৪/০২ | ৫৯৮.৮৮ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও পরিচালক, যুগ্ম-পরিচালক ও এসেসমেন্ট কমিটির সদস্য |
| | ৪/০১ | ৫০১.২৬ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও পরিচালক, যুগ্ম-পরিচালক ও এসেসমেন্ট কমিটির সদস্য |
| ক্যাটাগরি-"ই" (কুটির শিল্প) | ৫/০১ | ৫৩৪.৯২ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও পরিচালক, এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ও এসেসমেন্ট কমিটির সদস্য |
| | ৫/০৩ | ৫২৫.২১ | এনপিও ও এসেসমেন্ট কমিটি | এনপিও পরিচালক, এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ও এসেসমেন্ট কমিটির সদস্য |

(গ) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৬ এর চূড়ান্তভাবে প্রতিষ্ঠান নির্বাচনের জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে কর বকেয়া সংক্রান্ত তথ্যাদি এনপিও কর্তৃক দ্রুত সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে।

(ঘ) পরবর্তী এসেসমেন্ট কমিটির সভায় জাতীয় রাজস্ব বোর্ডের তথ্যাদি ও পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী জুরি বোর্ডের জন্য প্রতিষ্ঠান নির্বাচন করতে হবে।

৭। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

26.10.'18

(লুৎফুন নাহার বেগম)
অতিরিক্ত সচিব (প্রশাসন-২)
ও
সভাপতি এসেসমেন্ট কমিটি